

যীশু তাঁর অনুসরণকারীদের অন্যদের কাছে তাঁর সুসমাচার বলতে বলেছিলেন

কিভাবে সহজভাবে সুসমাচার বলতে হয় তা শিশুদের শেখান।

প্রার্থনাঃ “প্রিয় ঈশ্বর, অনুগ্রহ করে সুসমাচার জানতে এবং বলতে সাহায্য কর।”

শিশুদের শিক্ষণ ক্রিয়াকলাপের যেকোন একটি অথবা সবগুলো পছন্দ করুন।

যীশু মৃত্যু থেকে ওঠার পর কিভাবে সুসমাচার বলেছিলেন সেই বিষয় একটি বড় শিশুকে অথবা শিক্ষককে গল্পটি পাঠ করতে বলুন, লুক ২৪ঃ১-৮ এবং ৩৬-৫০ পদ। কিভাবে আমরা খুব সংক্ষেপে, সহজে অন্যদের কাছে সুসমাচার বলতে পারি, এই গল্পটি তা প্রদর্শন করে।



গল্পটি বলার পর, জিজ্ঞাসা করুনঃ

- শিষ্যরা যখন যীশুকে মৃত্যু থেকে উঠতে দেখেছিলেন, তখন কি বিষয়ে তারা ভীত হয়েছিলেন? (উত্তরঃ ৩৭ পদ)
- যীশু কিভাবে তাদের দেখিয়ে ছিলেন যে তাঁর বাস্তব দেহ আছে? (৩৯-৪৩)
- বাইবেলের কোথায় আমরা যীশুর বিষয় ভবিষ্যৎ বাণীগুলো খুঁজে পাই? (৪৪)
- খ্রীষ্টের প্রতি কি ঘটবে বলে শাস্ত্রে উক্ত হয়েছিল? (৪৬)
- যীশু সমুদয় জাতির কাছে আমাদের কি ঘোষণা করতে বলেছিলেন? (৪৭)
- শিষ্যরা উর্দ্ব থেকে কি গ্রহণ করবে বলে যীশু প্রতিজ্ঞা করেছিলেন? (৪৯)
- যীশুর স্বর্গারোহণের পর শিষ্যগণ কি করেছিলেন? (৫২)

সুসমাচারের কয়েকটি অংশ নাটকে পরিণত করুন।

এই নাটকটি প্রস্তুত করার জন্য শিষ্যদের সময় দিন। আপনি ইহা সংক্ষিপ্ত করতে পারেন।

বড় শিশুদের অথবা বড়দের গল্পের নিম্নলিখিত অংশগুলো অভিনয় করতে দিন।

- বর্ণনাকারীঃ গল্পটির সারাংশ তৈরী করবেন এবং শিশুদের যা বলতে হবে তা মনে রাখতে সাহায্য করবেন।
- যীশুঃ টেবিল ও চেয়ার এবং কোন খাবার প্রস্তুত রাখতে হবে।

ছোট শিশুদের শিষ্যদের ভূমিকায় অভিনয় করতে দিন।

নাটক, ভাগ ১, লুক ২৪:৩৬-৪৩

বর্ণনাকারীঃ গল্পের প্রথম অংশটা পাঠ করতে হবে (৩৬-৪৩ পদ)। বলবেন, “শুনুন, শিষ্যরা কি বলছেন।”

শিষ্যগণঃ “যীশু কি জীবিত হতে পারেন?” “তিনি কি মৃত্যু থেকে জীবনে ফিরে এসেছেন?” “পিতর বলেছিলেন যে তিনি তাঁকে দেখেছিলেন।” “ইস্‌মায়ূর পথে দুজন শিষ্য বলেছিলেন যে তারা তাঁকে দেখেছিলেন” “আমি ইহা বিশ্বাস করি না।”

যীশুঃ “শাস্তি তোমাদের সহবর্তী হোক!”

শিষ্যগণঃ ভীত হওয়ার অভিনয় করতে হবে। আতর্নাদ করবে। বলবে, “ওরে বাপরে” “আমি ভয়ে কাঁপছি।”

যীশুঃ “আমি ভূত নই। আমাকে স্পর্শ কর! আমাকে দেখ। আমাকে কিছু খেতে দাও। একটা ভূত খেতে পারে না, কারণ এদের দেহ থাকে না!” আমার দেহ আছে।

শিষ্যগণঃ যীশুকে কিছু খেতে দেন। বলেন, “দেখ, তিনি মাছ খাচ্ছেন। তিনি ভূত হতে পারেন না।”

নাটক, ভাগ ২, লুক ২৪:৪৪-৫৩

বর্ণনাকারীঃ গল্পটির দ্বিতীয় অংশ বলুন (৪৪-৫৩ পদ)। তারপর বলবেন, “শুনুন, যীশু কি বলছেন।”

যীশুঃ “তোমারা কেন অবাক হচ্ছ? বাইবেলে বলা হয়েছে যে আমার প্রতি এটা ঘটবে। আমাকে দুঃখভোগ করতে হবে, মরতে হবে এবং আবার উত্থিত হতে হবে।”

শিষ্যগণঃ “কি আশ্চর্য! আমরা বুঝতেই পারি নি!”

যীশুঃ “এখন তোমাদের প্রতিটি দেশের লোকদের কাছে অনুতাপ এবং পাপের ক্ষমার বিষয় ঘোষণা করতে হবে। কিন্তু আমার পিতা যতক্ষণ না তাঁর আত্মা প্রেরণ করেন যাতে তোমারা তাঁর শক্তিতে সাক্ষ্যবহন করতে পার, ততক্ষণ তোমরা অপেক্ষা কর। চল, আমরা যাই।”

সকলেঃ কিছু সময় একত্রে হাঁটবে।

যীশুঃ তাদের আশীর্বাদ করার জন্য হাত তুলবেন, তারপর স্বর্গে চলে যাবেন। (চেয়ার বা টেবিলের উপর উঠে যাবেন।)

শিষ্যগণঃ ভূমিতে জানুপাত করে ঈশ্বরে আরাধনা সঙ্গীতের একটি পদ গাইবে। তারপর উঠে বলবে, “যীশুই প্রভু!” “আমরা আমাদের সমস্ত অন্তর দিয়ে তাঁর সেবা করব ও আরাধনা করব!” “আমরা সকলের কাছে তাঁর বিষয় বলবো।”

বর্ণনাকারী অথবা বড় শিশুঃ যারা এই নাটকে সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ। বড়দের সবাইকে নাটকটি শোনার জন্য ধন্যবাদ।

উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে শিশুদের জন্য নিম্নলিখিত বিষয়গুলো করার ব্যবস্থা করুনঃ

- আরাধনার সময় বড়দের জন্য নাটকটি উপস্থাপন করতে।
- এই অধ্যয়নের শুরুতে তালিকাভুক্ত প্রশ্নগুলো বড়দের জিজ্ঞাসা করুন।
- কবিতা, উপস্থাপন করতে, ছবিগুলো দেখাতে এবং অন্য যে কোন বিষয় যা তারা প্রস্তুত করেছে।

কখন আমরা কয়েকটি সরল শব্দ দ্বারা সুসমাচার দিতে পারি সেই বিষয়ে শিশুদের জিজ্ঞাসা করুন। (ট্রেনে, বন্ধুদের কাছে যাওয়ার সময়, ইত্যাদি) লোকদের উদাহরণ দিতে দিন।

শিশুদের নকল করতে দেবার জন্য একটি ক্রুশ অঙ্কন করুন।



- বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।
- আরাধনার সময় বড়দের কাছে তাদের ছবিগুলো দেখাতে দিন এবং ব্যাখ্যা করতে দিন যে ইহা প্রদর্শন করে যীশু কিভাবে দুঃখভোগ ও মৃত্যুবরণ করেছিলেন।
- তাদেরকে তিনটি ভাগে সুসমাচার বলতে দিন।

১. আমাদের পাপের জন্য যীশু শাস্তি ভোগ করেছিলেন এবং মৃত্যুবরণ করেছিলেন।

২. তিনি মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন এবং সর্বসময়ের জন্য জীবিত আছেন।

৩. ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করেন এবং নতুন জীবন দেন।

লুক ২৪ঃ৪৬-৪৯ পদ থেকে সুসমাচারটি মুখস্থ করুন। ছোট শিশুরা কেবলমাত্র ৪৬ পদটি শিখতে পারে।

কবিতাঃ তিনটি শিশুকে গীত ১৩ঃ৩,৪, এবং ৫ পদটির প্রতিটি পদ এক একজনকে আবৃত্তি করতে দিন।

প্রার্থনাঃ “প্রিয় প্রভু যীশু, তুমি শাস্ত্রের কথা মত আমাদের জন্য দুঃখভোগ করেছিলে এবং মৃত্যুবরণ করেছিলে। তৃতীয় দিনে তুমি আবার পুনরুত্থিত হয়েছিলে। তুমি তোমার নামে আমাদের অনুতাপ করতে এবং আমাদের পাপের ক্ষমা লাভ করতে দিয়েছো। তুমি আমাদের জন্য তোমার আত্মা প্রেরণ কর, যাতে আমরা তোমার শক্তিতে অন্যদের কাছে সুসমাচার বলতে পারি। তুমি তোমার মহান আনন্দে আমাদের পূর্ণ কর।”